দৈনিক বাংলা

তারিখ ..0 9 DEC 1992
পৃষ্ঠা... ৬ ......কলাম ..২...

৭

53

৮ম শ্রেণী পর্যন্ত ছাত্রী বেতন মওকুফ

# ভর্তুকির টাকা না পাওয়ায় মুন্সীগঞ্জে বিভিন্ন স্কুলে অর্থ সংকট

নিজস্ব সংবাদদাতা : মুন্সীগঞ্জ, ৮ ডিসেম্বর।–১৯৯০ সালের পহেলা জানুয়ারি থেকে ৬ষ্ঠ শ্রেণী হতে অষ্টম শ্রেণী পর্যন্ত বেতন মওকুফ করলেও মুন্সীগঞ্জ জেলার বিভিন্ন স্কুলে ছাত্রীদের "অন্যান্য বাবদ" বেতনের চেয়ে অধিক অর্থ দিতে হচ্ছে। এতে দরিদ্র অভিভাবকরা হয়রানি হচ্ছে।

মুন্সীগঞ্জ জেলায় ৭৯টি উচ্চ বালিকা বিদ্যালয়সহ ১৩টি মাদ্রাসায় ৬ষ্ঠ শ্রেণী হতে অষ্টম শ্রেণীতে পড়ছে ১৩ হাজার আটশ' একাত্তর জন ছাত্রী।

উপরোক্ত বিদ্যালয়ের ছাত্রীদের ভর্তুকি বাবদ পাওনা হচ্ছে ছাব্বিশ লাখ ষোল হাজার দুশ' ৯৫ টাকা। কিন্তু সরকার উপরোক্ত বিদ্যালয়সমূহকে পরিশোধ করেছে সাত লাখ নিরানব্বই হাজার সাতশ' টাকা।

মুন্সীগঞ্জ জেলা শিক্ষক সমিতির (মাধ্যমিক) সম্পাদক ও রিকাবী বাজার উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক আবদুল হাই এ ঘটনার সত্যতা স্বীকার করেছেন।

ছাত্রীদের অভিভাবক সূত্রে অভিযোগ পাওয়া গেছে, বিদ্যালয় কর্তৃপক্ষ ছাত্রীদের পরীক্ষার ফি সহ অন্যান্য বাবদ বেতনের চেয়েও অতিরিক্ত টাকা আদায় করছে।

এদিকে অধিকাংশ বিদ্যালয়ের প্রধান শিক্ষকরা জানান, বরাদ্দকৃত টাকা পুরো না পাওয়ার কারণে ছাত্রীদের কাছ থেকে সামান্য কিছু অর্থ বাধ্য হয়ে নিতে হয়।